



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

অনলাইনে অনুষ্ঠিত হাইড্রোকার্বন ইউনিট এর জানুয়ারি/২০২১ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	এ এস এম মঞ্জুরুল কাদের মহাপরিচালক
সভার তারিখ	১৮/০১/২০২১
সভার সময়	সকাল ১১.৩০ ঘটিকা
স্থান	অনলাইন, জুম এপস
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ জাকির হোসেন (পরিচালক) সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২.০। আলোচনাঃ

২.১। গত ১৭-১২-২০২০ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত
০১।	সেমিনার সংক্রান্ত মহাপরিচালক বলেন সমসাময়িক এবং জ্বালানি সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ বিষয়ের উপর সেমিনার করতে হবে। তিনি বলেন এপিএর টার্গেট অর্জনের নিমিত্তে আমাদের বাৎসরিক ০৮ টি সেমিনারের বাধ্যবাধকতা রয়েছে। বর্তমান প্রেক্ষাপটে Virtual Seminar আয়োজন প্রসঙ্গে আলোকপাত করেন। এই মাসে “ Role of Private Entities in the Energy Sector of Bangladesh ” শীর্ষক ভার্চুয়াল সেমিনার আয়োজনের ব্যাপারে আলোচনা হয়।	২০ জানুয়ারি “ Role of Private Entities in the Energy Sector of Bangladesh ” বিষয়ক ভার্চুয়াল সেমিনার আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০২।	<p>প্রশাসনিক</p> <p>মহাপরিচালক বলেন সেমিনারের টপিক নিয়ে চিন্তা ভাবনা করতে হবে। তিনি নতুন নতুন বিষয়ে সেমিনার করার বিষয়ে brainstorming করার নির্দেশনা প্রদান করেন। ভবিষ্যতে আরো কী করা যায় তা আলোচনা করে বের করার নির্দেশনা প্রদান করেন। এছাড়াও গতানুতিক ছেড়ে ভিন্ন ধর্মী কাজ করার উপর জোর প্রদান, নতুনত্বের দিকে এগিয়ে যাওয়া এবং মননশীল কাজের সাথে জড়িত হওয়ার পরামর্শ প্রদান করেন। কোন প্রতিষ্ঠান থেকে সেমিনারের টপিক এসেছে কিনা জানতে চান? মহাপরিচালক বলেন পূর্বে অনুষ্ঠিত সেমিনারের টপিক গুলোর উপরও আলোচনা হতে পারে। এছাড়াও সেমিনার অনুষ্ঠিত হওয়ার পর পুনরায় পত্র প্রেরণ করে তাদের মতামত/সুপারিশসমূহ একত্রিকরণ করে আউটপুট বের করতে হবে। দরকার হলে ইন্টারনাল ট্রেনিং এ বিষয়সমূহ অন্তর্ভুক্ত করে করে ফলো আপ সংগ্রহ করতে হবে। প্রতিটা সেমিনার অনুষ্ঠিত হওয়ার পরপরই সুপারিশমালা প্রস্তুতের ব্যাপারে দিক নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন প্রত্যেক সেমিনারেই কিছু সুপারিশমালা থাকে যার উপর ভিত্তি করে সুপারিশসহ মতামত মন্ত্রণালয়ে পাঠাতে হবে।</p>	সুপারিশমালা প্রনয়ণ করে সুপারিশসহ মতামত মন্ত্রণালয়ে পাঠানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
০৩।	<p>ইআরপি</p> <p>জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও এর আওতাধীন ৭ টি প্রতিষ্ঠানের জন্য ড্যাশবোর্ড প্রসঙ্গে আলোকপাত করে মহাপরিচালক ইএমআরডি এর ওয়েবসাইটে প্রদর্শনের জন্য সিনিয়র সচিব বরাবর পত্র প্রেরণের নির্দেশনা দেন। এছাড়া পেট্রোবাংলা ও বিপিসি এর ওয়েবসাইটে প্রদর্শনের ব্যাপারেও পত্র প্রেরণের নির্দেশনা প্রদান করেন। তিনি নিয়মিতভাবে ড্যাশবোর্ড আপডেট করার বিষয়ে জোর প্রদান করেন।</p>	প্রতি বৃহস্পতিবারে Latest ডাটা আপডেট করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
০৪।	<p>রিপোর্ট সংক্রান্ত</p> <p>মহাপরিচালক SDG এর বিষয়ে কোন মতামত প্রেরণ করা বাকি আছে কিনা জানতে চান? তিনি monthly report এবং annual report যথাসময়ে প্রস্তুতের ব্যাপারেও নির্দেশনা প্রদান করেন। এছাড়াও স্টাডি রিপোর্ট প্রস্তুত করণ এবং জ্বালানি ও খনিজের রিসোর্স ম্যাপিং এর উপর বই প্রস্তুতের ব্যাপারে আলোচনা করেন।</p>	স্টাডি রিপোর্ট প্রস্তুত করণ, জ্বালানি ও খনিজের রিসোর্স ম্যাপিং এবং monthly report এবং annual report যথাসময়ে প্রস্তুতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
০৫।	<p>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি-</p> <p>২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অংশ হিসেবে ফেব্রুয়ারি মাসের ১ম সপ্তাহে অংশীজনের সভা করার ব্যাপারে আলোচনা হয়। এছাড়াও চলতি মাসের শেষ সপ্তাহে এপিএ টিমের মাসিক সভা করার বিষয়ে আলোচনা করেন।</p>	২১ জানুয়ারি ২০২১ ইং তারিখ, বৃহস্পতিবার বিকাল ৪:০০ ঘটিকায় অত্র দপ্তরের মিনি কনফারেন্স রুমে সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
০৬।	<p>ইনোভেশন</p> <p>হাইড্রোকার্বন ইউনিটে ইনোভেশন পরিকল্পনা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। হাইড্রোকার্বন ইউনিটের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি ২০২০-২০২১ নিয়ে আলোচনা হয়।</p>	হাইড্রোকার্বন ইউনিটের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
০৭।	<p>শুদ্ধাচার কর্মপরিকল্পনা:</p> <p>২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে নথির শ্রেণীবিন্যাস করার বিষয়ে আলোচনা হয়।</p>	ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৮।	অভ্যন্তরীণ প্রশিক্ষণ অভ্যন্তরীণ প্রশিক্ষণে টেকনিক্যাল বিষয়সমূহ অন্তর্ভুক্ত করার কথা প্রসঙ্গে মহাপরিচালক বলেন আমাদের কাজের সাথে টেকনিক্যাল বিষয় বেশি সম্পৃক্ত থাকায় টেকনিক্যাল বিষয়ে বেশি ট্রেনিং আয়োজন করতে হবে। এছাড়াও আমাদের ইন-হাউজ প্রশিক্ষণ আরো বাড়াতে হবে। পরিচালক (নীতিমালা ও উন্নয়ন) বলেন অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রয়োজনে অনলাইনে ও নেয়া যেতে পারে।	অভ্যন্তরীণ প্রশিক্ষণে টেকনিক্যাল বিষয় বেশি অন্তর্ভুক্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
০৯।	ই- নথি: হাইড্রোকার্বন ইউনিটের ই-নথি ভিত্তিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়। ই-নথির ব্যবহার আরো বৃদ্ধি করার ব্যাপারে আলোচনা হয়। তেল, গ্যাস ও খনিজ সম্পদ এর সাথে সম্পৃক্ত বিভিন্ন প্রতিষ্ঠানের কাছ থেকে ঠিকানা সংগ্রহ করে তাদেরকে ই-নথিতে পত্রজারির মাধ্যমে ডাটা চাওয়ার ব্যাপারে আলোচনা হয়।	অভ্যন্তরীণ অফিস আদেশ আরো বৃদ্ধি করার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
১০।	অন্যান্য মহাপরিচালক বলেন রবিবার ও বৃহস্পতিবার ছুটির বিষয়টি মৌখিকভাবে কার্যকর হবে। ছুটির প্রয়োজনীয়তা দেখে ছুটি দিতে হবে।	ছুটির প্রয়োজনীয়তা দেখে ছুটি প্রদানের বিষয়ে সিদ্ধান্ত হয়।

৩.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।




এ এস এম মঞ্জুরুল কাদের
মহাপরিচালক

স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.০৬.০০১.২০.৫৩

তারিখ: ৬ মাঘ ১৪২৭
২০ জানুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (নীতিমালা ও উন্নয়ন), পরিচালক (নীতিমালা ও উন্নয়ন), হাইড্রোকার্বন ইউনিট
- ২) উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩) সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন), হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪) সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫) সহকারী পরিচালক (পরিকল্পনা), হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬) সহকারী পরিচালক (অপারেশন), হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭) হিসাব রক্ষণ কর্মকর্তা, হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮) অফিস কপি।



এ এস এম মঞ্জুরুল কাদের
মহাপরিচালক